

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ অধিশাখা।  
WWW.lgd.gov.bd

উন্নয়নের গনতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৩.২০৩.০০০.৯৯.০০৯.১৬ - ১৪৮৬

তারিখঃ ২৬ পৌষ ১৪২৪  
০৯ জানুয়ারি ২০১৮

বিষয়ঃ পটুয়াখালী জেলার সদর উপজেলা, মির্জাগঞ্জ উপজেলা ও দুমকি উপজেলায় জনস্বার্থে ৫০০ (পাঁচ শত) টি গভীর  
নলকূপ বরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ জাতীয় সংসদ এর ০৫/১২/২০১৭খ্রিঃ তারিখের ৮৬৭ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার সদর উপজেলা, মির্জাগঞ্জ উপজেলা ও দুমকি উপজেলা  
সমুদ্র তীরবর্তী হওয়ায় এখানকার মানুষ প্রতি নিয়ত প্রাকৃতিক দুর্ভোগের সাথে লড়াই করে বেঁচে আছে। এলাকাটিতে প্রায়  
২০(বিশ) লক্ষ লোকের বসবাস। শুকনো মৌসুমে খাবার পানির অভাব দেখা দেয়ার ফলে বিভিন্ন ধরনের পানিবাহী রোগের  
সংক্রামন হয়, যেমন-কলেরা, ডায়রিয়া, জন্ডিস সহ আরো বিভিন্ন ধরনের জটিল রোগের উদ্ভব হয়। এছাড়াও সাগরের লবন  
পানি বিভিন্ন এলাকায় ঢুকে পরে যার ফলে এসব এলাকার পুকুর, খাল ও বিলের পানি খাওয়া ও ব্যবহারের অনুপযোগী হয়ে  
পরে। তাই এলাকার সাধারণ মানুষের পানীয় জলের অভাব পূরণ ও বিভিন্ন ধরনের রোগ ব্যাধি থেকে মুক্ত রাখতে জরুরী  
ভিত্তিতে ৫০০ (পাঁচ শত) টি গভীর নলকূপ অত্যন্ত জরুরী মর্মে উক্ত পত্রে উল্লেখ করা হয়েছে।

এমতাবস্থায় পটুয়াখালী জেলার সদর উপজেলা, মির্জাগঞ্জ উপজেলা ও দুমকি উপজেলায় জনস্বার্থে ৫০০ (পাঁচ  
শত) টি গভীর নলকূপ বরাদ্দ সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা  
হল।

সংযুক্তি : বর্ণনামতে।



মোঃ খাইরুল ইসলাম  
উপ সচিব  
ফোন : ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
ঢাকা।

অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।